গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার
শাহবাগ, ঢাকা
www.publiclibrary.gov.bd, Fax: 58611775

নং-৪৩.২৬.০০০০.০০২.৩৮.৮২১.১৯.১০৮৪ তারিখঃ ৩১.০৫.২০২০

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
গণগ্রন্থাগার অধিদপ্তর
শাহবাগ, ঢাকা।

বিষয় : ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) প্রেরণ।
সূত্র: মন্ত্রীপরিষদ বিভাগের ২০২০-২১ অর্থবছরের এপিএ নির্দেশিকা অনুযায়ী

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে, সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা এর ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) চূড়ান্তকরণের লক্ষ্যে এ সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি : বার্ষিক কর্মসম্পাদন চুক্তিপত্র (APA) ০২ প্রস্থ।

৩১/০৫/২০

(হরেন্দ্রনাথ বসু)
প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক)
সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার অধিদপ্তর
শাহবাগ, ঢাকা।

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক), সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা

এবং

মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

০১ জুলাই ২০২০ - ৩০ জুন ২০২১

# সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা কর্তৃক কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৩ |
| উপক্রমণিকা (Preamble) | ৪ |
| সেকশন ১ : সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি | ৫ |
| সেকশন ২ : সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা এর পাঠকসেবা সংক্রান্ত বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/ Impact) | ৬ |
| সেকশন ৩ : কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৭ |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য | ৮, ৮/১ |
| সংযোজনী ১ : শব্দ-সংক্ষেপ (Acronyms) | ১০ |
| সংযোজনী ২ : কর্মসম্পাদন সূচকসমূহ এবং পরিমাপ পদ্ধতি | ১১ |
| সংযোজনী ৩ : কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা | ১২ |

## ...ফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র : সাম্প্রতিক অর্জন, সমস্যা ও চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

**(Overview of the Performance of the Department of Public Libraries: Recent achivement, Problems & Challenges and the Future Plan)**

- **সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ**

জ্ঞানমনস্ক আলোকিত সমাজ বিনির্মাণের লক্ষ্যে রাষ্ট্রের সামগ্রিক জনগোষ্ঠীর নিবিড় প্রত্যাশা পূরণে নিজ সক্ষমতা অনুযায়ী সর্বোচ্চ প্রয়াস নিয়োজিত করা অন্যতম কাজ। প্রধানত: আলোকবর্তিকাবাহী বই পাঠে সর্বসাধারণকে অবিরাম উদ্বুদ্ধ করা এবং বিজ্ঞানভিত্তিক আধুনিক তথ্য-প্রযুক্তি-সম্বলিত সুবিধাদির দ্বারা সময়-সাশ্রয়ী কার্যকর তথ্যসেবা প্রদান করা এ প্রয়াসের অন্তর্ভুক্ত। ঢাকা মহানগরে বিভিন্ন জাতীয় দিবসভিত্তিক রচনা, বইপাঠ, ছড়া, চিত্রাঙ্কন ও কবিতা আবৃত্তি প্রতিযোগিতা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। প্রতিযোগিতায় অংশগ্রহণকারী বিজয়ীদেরকে বই, ক্রেস্ট এবং প্রশংসাব্যঞ্জক সনদ প্রদান করা হয়েছে। তাছাড়া এ কার্যক্রম এবং বিভিন্ন প্রতিযোগিতায় ১ম স্থান অধিকারীদের রচনা-সম্বলিত একটি প্রকাশনা 'বিচ্ছুরণ' নামে নিয়মিত প্রকাশিত হচ্ছে। সরকার কর্তৃক ৫ ফেব্রুয়ারিকে জাতীয় গ্রন্থাগার দিবস ঘোষণা করায় প্রথমবারের মত ২০২০ সালের ৫ ফেব্রুয়ারি জাতীয় গ্রন্থাগার দিবস পালন করা হয়েছে। বিভিন্ন শিরোনামের ১৬০০০ পুস্তক সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগারে সংগ্রহ করা হয়েছে।

- **সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ**

পাঠকদের চাহিদামাফিক বই সরবরাহ করা এবং আধুনিক তথ্য-প্রযুক্তি-সম্বলিত তথ্যসেবা প্রদানের সুবিধাদি নিশ্চিত করা, পুস্তকের সংখ্যা-স্বল্পতা, বৃহত্তর-পরিসর স্থান সংকুলানে প্রতিকূলতা এবং সুদীর্ঘকাল পূর্বে নির্মিত গণগ্রন্থাগার অধিদপ্তর ও সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার ভবনের জরাজীর্ণতা প্রধান সমস্যা। প্রশিক্ষিত জনবলের অভাব এবং আর্থিক সীমাবদ্ধতা থাকায় অনলাইন লাইব্রেরি ম্যানেজমেন্ট সিস্টেম প্রবর্তনও উল্লেখযোগ্য চ্যালেঞ্জ।

- **ভবিষ্যৎ পরিকল্পনা**

নতুন গণগ্রন্থাগার ভবন নির্মাণ, অনলাইনে পাঠকসেবা প্রদান।

**২০২০-২০২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ**

- ২০২০-২০২১ অর্থ সালে গণগ্রন্থাগার অধিদপ্তর হতে সরবরাহকৃত পুস্তক অন্তর্ভূক্তি করতঃ যথাসময়ে পাঠকদের জন্য পাঠকক্ষে বিতরণ।
- সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা এর ইন্টারনেট সেবার সম্প্রসারণ।
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিন ও জাতীয় শিশু দিবস, জাতীয় শোক দিবসসহ অন্যান্য জাতীয় দিবসভিত্তিক রচনা, বইপাঠ, ছড়া ও কবিতা আবৃত্তিসহ বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন;
- জাতীয় দিবসসমূহে সফল প্রতিযোগীদেরকে সনদ প্রদান অনুষ্ঠানের আয়োজন।
- ৫ ফেব্রুয়ারি জাতীয় গ্রন্থাগার দিবস উদ্‌যাপন।

## উপক্রমণিকা (Preamble)

সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা এর পাঠকসেবা ও রেফারেন্স সেবার মানোন্নয়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সেবার সম্প্রসারণ এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি নিশ্চিতকরণ এ চুক্তির উদ্দেশ্য। এছাড়া অধিদপ্তরের স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

**প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক), সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা**

এবং

**মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর**

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :

## সেকশন ১

## সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলি

**১.১ রূপকল্প(Vision)** জ্ঞানমনস্ক আলোকিত সমাজ

**১.২ অভিলক্ষ্য (Mission)** ঢাকাসহ দেশের সমগ্র জনগোষ্ঠীকে বিজ্ঞান ও আধুনিক তথ্য-প্রযুক্তিভিত্তিক সুবিধাদি-সম্বলিত সময়-সাশ্রয়ী পাঠকসেবা ও তথ্যসেবা প্রদানের মাধ্যমে জ্ঞান ও প্রজ্ঞায় বিকশিত ও সমৃদ্ধকরণ

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা এর কৌশলগত উদ্দেশ্য

১. পাঠকসেবার মানোন্নয়ন এবং
২. প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ।

### ১.৪ কার্যাবলি (Functions)

১. সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা এর জন্য পাঠক-চাহিদা মোতাবেক পাঠসামগ্রী সংগ্রহ, সংগঠন, বিন্যাস ও সংরক্ষণ।
২. পাঠাভ্যাস বৃদ্ধিকে উৎসাহিত করতে জাতীয় দিবসসমূহে বিভিন্ন প্রতিযোগিতা যেমন- রচনা, বইপাঠ, ছড়া ও কবিতা আবৃত্তি, চিত্রাংকন, পাঠচক্র অনুষ্ঠান এবং পুরস্কার ও সনদ প্রদান;
৩. পাঠকসেবা ও তথ্যসেবা বৃদ্ধিকরণ;
৪. গবেষণা ও রেফারেন্স সেবা বৃদ্ধিকরণ;
৫. পুস্তক লেনদেন সেবা প্রদান;
৬. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি-ভিত্তিক ইন্টারনেট সেবা প্রদান।
৭. ঢাকা জেলার বেসরকারি গণগ্রন্থাগারসমূহ তালিকাভুক্তিকরণ।

সেকশন ২

## সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগারের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ (Projection) | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র [source of Data] |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | | ২০২১-২২ | ২০২২-২৩ | | |
| পাঠাভ্যাস বৃদ্ধি | পাঠক উপস্থিতি | বৃদ্ধির হার | ৮.৯১ (লক্ষ) | ৮.৯১ | ১.৮ | ১.৮৫ | ১.৯০ | | পাঠক উপস্থিতি রেজিস্টার |
| প্রযুক্তি ব্যবহারে আগ্রহ সৃষ্টি | ব্যবহারকারী | বৃদ্ধির হার | ২০.৪ (হাজার) | ২১.৪ | ২১.৬ | ১০ | ১০ | | সংশ্লিষ্ট রেজিস্টার |

*সাময়িক (provisional) তথ্য।

# সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | গণনা পদ্ধতি | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষমাত্রা/নির্ণায়ক ২০২০-২০২১ Target/Criteria Value for FY(2020-21) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ | প্রক্ষে (Proj on ২০২ ২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতিমান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| [১] পাঠকসেবার মানোন্নয়ন | ৬০ | [১.১] পাঠকসেবা | [১.১.১] পাঠক উপস্থিতি | সমষ্টি | জন (লক্ষ) | ১০ | ৫১.৫০ | ৩৩.৩৮ | ৩৯.৫০ | ৩৮.০০ | ৩৬.০০ | ৩৪.০০ | ৩২.০০ | ৪০.৬৫ | ৪৫.০ |
| | | [১.২] গবেষণা ও রেফারেন্স সেবা | [১.২.১] পাঠক উপস্থিতি | সমষ্টি | জন (লক্ষ) | ১০ | ৭.৫০ | ৫.২১ | ৫.৫০ | ৪.৫০ | ৪.০০ | ৩.৭৫ | ৩.৫০ | ৬.০০ | ৬.৫০ |
| | | [১.৩] প্রতিযোগিতা/ অনুষ্ঠানের সংখ্যা | [১.৩.১] অনুষ্ঠান | সমষ্টি | সংখ্যা | ১০ | ৪৭০ | ১৯২ | ৪০০ | ৩৫০ | ৩২৫ | ৩০০ | ২৭৫ | ৪৩০ | ৪৭০ |
| | | [১.৪] প্রতিযোগিতা অনুষ্ঠান | [১.৪.১] অংশগ্রহণকারী | সমষ্টি | সংখ্যা (হাজার) | ১০ | ৮০.৮৮ | ৩০.৫৯ | ৫০.০০ | ৪৮.০০ | ৪৫.০০ | ৪৩.০০ | ৪১.০০ | ৫০.৩০ | ৫৫.০ |
| | | [১.৫] বিদ্যমান গণগ্রন্থাগারসমূহের জন্য পাঠক চাহিদা মোতাবেক পাঠসামগ্রী সংগ্রহ | [১.৫.১] পুস্তক সংগ্রহ | সমষ্টি | সংখ্যা (হাজার) | ১৫ | ১০৫.৪৪ | ৭৬.০৭ | ১০০.০০ | ৯৫.০০ | ৯০.০০ | ৮৫.০০ | ৮০.০০ | ১১০.০০ | ১১৫.০ |
| | | [১.৬] জাতীয় গ্রন্থাগার দিবস উদ্যাপন | [১.৬.১] দিবস উদ্যাপন | তারিখ | তারিখ | ৫ | ০৫-০২- ২০১৯ | ০৫-০২- ২০২০ | ০৫-০২- ২০২১ | | | | | ০৫-০২-২০২২ | ০৫-০২ ২০২৩ |
| [২] তথ্য ও যোগাযোগ সেবার সম্প্রসারণ | ১৫ | [২.১] ইন্টারনেট সেবা প্রদান। | [২.১.১] ব্যবহারকারী | সমষ্টি | সংখ্যা (হাজার) | ১০ | ১৩৫.০০ | ১০৫.৭৫ | ১০৮.০০ | ১০৪.০০ | ১০০.০০ | ৯৫.০০ | ৯০.০০ | ১১০.০০ | ১১২.০ |

# সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার এর আবশ্যিককৌশলগতউদ্দেশ্যসমূহ ২০২০-২১(প্রস্তাবিত)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগতউদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদনসুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদনসূচকেরমান (Weight of Performance Indicator) | লক্ষ্যমাত্রারমান২০২০-২১ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নি (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১১ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন। | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সংখ্যা | ২ | ৪ | - | - | - | - |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সংখ্যা | ১ | ১২ | ১১ | - | - | - |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১]অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১]অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | | - |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৮ | [২.১]ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিষ্পত্তিকৃত | % | ২ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | [২.২] উদ্ভাবনী /ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ বাস্তবায়ন | [২.২.১] নূনতম একটি উদ্ভাবনী /ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ চালুকৃত | সংখ্যা | ২ | ১৫-২-২১ | ১৫-৩-২১- | ১৫-৪-২১ | ১৫-৫-২১ | - |
| | | [২.৩] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৩.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ২ | ৪০ | ৩০ | ২০ | ১০ | - |
| | | | [২.৩.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্বপ্রত্যেককর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | জনঘন্টা | ১ | ৫ | ৪ | - | - | - |
| | | [২.৪] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৪.১] ন্যূনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সংখ্যা | ১ | ১ | - | - | - | - |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ২ | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | - |
| | | [৩.৪] হালনাগাদকৃতস্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা উর্ধতন অফিসে প্রেরণ | [৩.৪.১] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা উর্ধতন অফিসে প্রেরিত | তারিখ | ১ | ১৫-১২-২০ | ১৪-০১-২১ | ১৫-২-২১ | - | - |

আমি প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক), সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, শাহবাগ, ঢাকা গণগ্রন্থাগার অধিদপ্তরের মহাপরিচালকের নিকট অঙ্গীকার করছি যে, এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকবো।

আমি মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, অঙ্গীকার করছি যে, এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার ঢাকা-কে সর্বাত্মক সহযোগিতা প্রদান করবো।

স্বাক্ষর:

০৯/০৫/২০

প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক)
সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার
শাহবাগ, ঢাকা

তারিখ: ০৯/০৫/২০

মহাপরিচালক
গণগ্রন্থাগার অধিদপ্তর
শাহবাগ, ঢাকা।

তারিখ: ০২/০৬/২০২০ খ্রি.

৫